

সাম্প্রতিক কর্মকান্ড সমূহ

প্রাণিসম্পদের ভিশন ও মিশনকে বাস্তবে রূপায়িত করতে এবং এপিএর শতভাগ কাস্তবায়নে নিম্নলিখিত কর্মসূচী এবং রূপরেখা ঘোষণা করা হয়।

১. এপিএর লক্ষ্যমাত্রা অনুসারে বিভাজিত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে আন্তঃসম্পর্ক উন্নয়নে যোগাযোগ স্থাপন এবং কার্যক্রম বাস্তবায়ন স্পষ্টীকরণে প্রতিদিন কর্মকর্তার কার্যালয়ে ১০-১৫ মিনিটের বৈঠক করা।
২. সঠিক সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করা। বিলম্ব হলে তা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা।
৩. প্রতি বৃহস্পতিবার দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণে অফিস আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নকরণ।
৪. প্রতি বৃহস্পতিবার সাপ্তাহিক কাজের মূল্যায়ণ পর্যবেক্ষণ এবং সকলের অংশগ্রহণে পরিবীক্ষণ। অনিসম্পন্ন কাজের তালিকা প্রস্তুত এবং কারণ উদ্ঘাটন করে বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম নির্ধারণ।
৫. সেবা গ্রহিতাদের সেবা প্রদানের ক্ষেত্রে সময় সংক্ষিপ্তকরণ
৬. নিজের কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
৭. প্রতি মাসের শেষ সপ্তাহে পরবর্তী মাসের কর্ম পরিকল্পনা দাখিল করা। বিভাজনকৃত কাজসমূহ সঠিক সময়ে বাস্তবায়ন।

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় শুদ্ধাচার কর্মপরিকল্পনাসহ পাঁচটি পরিকল্পনা

১. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে -০২টি সভা, যেমন:- ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder's) অংশগ্রহণে সভা, খ) নৈতিকতা কামটির সভা প্রতি তিন মাসে ০১ বার করা হবে।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিকল্পনা বাস্তবায়নে -০৩টি সভা, যেমন:- ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা গ) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা প্রতি তিন মাসে ০১ বার করা হবে।
৩. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ০১টি সভা, যেমন: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা প্রতি তিন মাসে ০১ বার করা হবে।
৪. অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্ম পরিকল্পনা বাস্তবায়নে ০১টি সভা, যেমন:- স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা প্রতি তিন মাসে ০১ বার করা হবে।